

**সূরা - ১০০****অভিযানকারী**

(আল-‘আদিয়াত, :১)

**মক্কায় অবতীর্ণ**

আল্লাহর নাম নিয়ে, যিনি রহমান, রহীম।

- ১ ভারো উর্ধ্বশাসে ধাবমানদের কথা,
- ২ ফলে যারা আগুনের ফুলকি ছোড়ে আঘাতের ছোটে,
- ৩ আর যারা ভোরে অভিযান চালায়,
- ৪ আর তার ফলে যারা ধূলো উড়ায়—
- ৫ তখন এর ফলে সৈন্যদলকে ভোদ করে যায়।
- ৬ মানুষ নিশ্চয়ই তার প্রভুর প্রতি বড় অকৃতজ্ঞ;
- ৭ আর সে আলবৎ এ বিষয়ে অবশ্য প্রত্যক্ষদর্শী।
- ৮ আর নিঃসন্দেহ সে ধনসম্পদের মোহে দুরস্ত।
- ৯ তবে কি সে জানে না যখন কবরগুলোয় যা আছে তা তোলা হবে,
- ১০ এবং অন্তরে যা আছে তা প্রকাশ করা হবে?
- ১১ নিঃসন্দেহ তাদের প্রভু সেইদিন তাদের সম্মতে সবিশেষে অবহিত থাকবেন।